সমকাল

তারিখ: 11 APR 2018
পৃষ্ঠা: ১৯ কলাম: ৪

# জাজিরায় ভুল প্রশ্নে এইচএসসি পরীক্ষা, শিক্ষার্থীদের বিক্ষোভ

## সোনারগাঁয় ভুয়া প্রশ্ন ফাঁসকারী আটক

■ সমকাল ডেস্ক

শরীয়তপুরের জাজিরায় ভুল প্রশ্নপত্রে সবক'টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হয়েছে। সোমবার এইচএসসির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ের পরীক্ষায় এ ঘটনা ঘটে। একই ভুলের শিকার হয়েছে মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজের ২৫ জন অনিয়মিত পরীক্ষার্থী। জামালপুরের একটি কেন্দ্রে ভুল সেটে একই বিষয়ের পরীক্ষা নেওয়ায় অধ্যক্ষকে কারণ দর্শানো নোটিশ দেওয়া হয়েছে। অন্যদিকে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে ভুয়া প্রশ্ন ফাঁস চক্রের এক সদস্যকে আটক করেছে র‍্যাব। নেত্রকোনার কেন্দুয়ায় পরীক্ষা চলাকালে জানালা দিয়ে প্রশ্ন বাইরে অন্যজনকে দেওয়ার অভিযোগে পরীক্ষার্থীর বিরুদ্ধে থানায় মামলা করেছেন কেন্দ্র সুপার। প্রতিনিধিদের পাঠানো খবর :

**শরীয়তপুর** : জাজিরায় আইসিটি বিষয়ের পরীক্ষার নৈর্ব্যক্তিক (এমসিকিউ) ভুল প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করা হয়েছে। উপজেলার তিনটি কেন্দ্রে ৯৪০ শিক্ষার্থী এই ভুল প্রশ্নে পরীক্ষা দেয়। পরীক্ষা শেষ হওয়ার কয়েক ঘণ্টা পর শিক্ষার্থীরা বাড়ি গিয়ে জানতে পারে ঢাকা বোর্ডসহ শরীয়তপুর জেলার অন্য উপজেলাগুলোতে এক ধরনের প্রশ্ন সরবরাহ করা হয়েছে, আর শুধু জাজিরা উপজেলায় আরেক ধরনের প্রশ্নপত্র সরবরাহ করা হয়েছে।

ভুল প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়ার প্রতিবাদে মঙ্গলবার সকালে জাজিরার বিকেনগর বঙ্গবন্ধু কলেজের পরীক্ষার্থীসহ অন্যান্য কলেজের পরীক্ষার্থীরা বিক্ষোভ করে।

**মানিকগঞ্জ** : মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজের অনিয়মিত ২৫ শিক্ষার্থীর পরীক্ষা হওয়ার কথা ছিল পুরাতন (২০১৪-১৫ সালের) সিলেবাস অনুযায়ী। কিন্তু হল কর্তৃপক্ষের ভুলের কারণে তাদের নতুন সিলেবাস (২০১৬-১৭ সালের) অনুযায়ী পরীক্ষা দিতে হলো। এ বিষয়ে মঙ্গলবার দুপুরে ওই শিক্ষার্থীরা এর প্রতিকার চেয়ে জেলা প্রশাসকের মাধ্যমে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর অভিযোগ দিয়েছে।

জেলা প্রশাসক নাজমুছ সাদাত সেলিম বলেন, বিষয়টি ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে জানানো হয়েছে। কর্তব্যে অবহেলার জন্য দায়িত্বে থাকা শিক্ষকদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা ■ পৃষ্ঠা ৪ : কলাম ৮

## জাজিরায় ভুল

[১৯ পৃষ্ঠার পর]

নেওয়া হবে বলে জানান তিনি।

**সোনারগাঁ (নারায়ণগঞ্জ)** : নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে এইচএসসি পরীক্ষার ভুয়া প্রশ্নপত্র ফাঁসকারী চক্রের এক সদস্যকে আটক করেছেন র‍্যাব সদস্যরা। আটককৃতের নাম নূরনবী (১৭)। সোমবার রাতে উপজেলার সম্ভুপুরা ইউনিয়নের রাম গোবিন্দগাঁও এলাকায় র‍্যাব-১১-এর একটি টিম ওই অভিযান চালিয়ে তাকে আটক করে। নূরনবী সোনারগাঁ উপজেলার রাম গোবিন্দগাঁও গ্রামের বাসিন্দা। এ ঘটনায় গতকাল মঙ্গলবার সোনারগাঁ থানায় মামলা হয়েছে।

**জামালপুর** : জামালপুরের শহীদ জিয়াউর রহমান ডিগ্রি কলেজ কেন্দ্রে 'ভুল' সেটে আইসিটির নৈর্ব্যক্তিক পরীক্ষা নেওয়ার অভিযোগে অধ্যক্ষকে কারণ দর্শাও নোটিশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। নোটিশে বলা হয়েছে, পরীক্ষা পরিচালনা নীতিমালা পরিপন্থী কাজের অভিযোগে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না- এ মর্মে আগামী তিন কর্মদিবসের মধ্যে লিখিত জবাব পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবরে পাঠাতে হবে। এদিকে গতকাল মঙ্গলবার পরীক্ষার্থী ও অভিভাবকরা জামালপুর প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করে দায়ী ব্যক্তিদের শাস্তি দাবি করেছেন।

**কেন্দুয়া (নেত্রকোনা)** : নেত্রকোনার কেন্দুয়ায় এইচএসসি পরীক্ষা চলাকালে পরীক্ষা কেন্দ্র থেকে প্রশ্নপত্র বাইরে অন্য একজনের হাতে দেওয়ার অভিযোগে রাসেল মাহমুদ নামের এক পরীক্ষার্থীর বিরুদ্ধে কেন্দুয়া থানায় সোমবার রাতে মামলা হয়েছে। সায়মা শাহজাহান একাডেমি কেন্দ্রের হল সুপার কামরুল হাসান খান পাঠান এ মামলা করেন।

কেন্দুয়া থানার ভারপ্রাপ্ত ওসি স্বপন চন্দ্র সরকার জানান, রাসেলকে মঙ্গলবার দুপুরে নেত্রকোনা আদালতে পাঠানো হয়েছে।